



ছুটির নীতিমালা (Leave Policy)

প্রতিটি কর্মচারী চাকুরী চলাকালীন সময় আইনে বর্ণিত পরিমাণ ছুটি পাইবার অধিকারী। তবে আইনের সাথে সামঞ্জস্য পূর্ণ না হলে কর্তৃপক্ষের যে কোন ছুটি পাশ করা বা না করার অধিকার থাকবে। আইরিশ কর্তৃপক্ষ বাংলাদেশ প্রচলিত শ্রম আইনের প্রতি শ্রদ্ধা রেখে শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের নিম্নোক্ত ছুটি গুলো প্রদান করে থাকে :-

১। নৈমিত্তিক ছুটি (**Casual Leave**) : প্রতিটি কর্মচারী প্রত্যেকপঞ্জিকা বছরে ১০ (দশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন। তবে এই

ছুটি জমা থাকবেনা বা পরবর্তী বছরে ভোগ করা যাবেনা। নৈমিত্তিক ছুটি ভোগ করার পূর্বে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ছুটি পাশ করিয়ে নিতে হবে।

২। পীড়া ছুটি (**Sick Leave**) : প্রতিটি কর্মচারী প্রত্যেক পঞ্জিকা বছরে পূর্ণ মজুরীতে ১৪ (চৌদ্দ) দিনের পীড়া ছুটি ভোগ করতে পারবেন। এই ছুটি পরবর্তী বছরে ভোগ করা যাবেনা। পীড়া ছুটি ভোগ করার পর বা ভোগ করার পূর্বে দুই ভাবেই গ্রহণ করা যাবে।

তবে শর্ত হচ্ছে যে, কোন রেজিস্টার্ড চিকিৎসকের প্রত্যয়নপত্র ব্যতীত কোন পীড়া ছুটি পাশ করা হবে না।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, চাকুরীতে যোগদানের পর পরই যে কোন শ্রমিক/ কর্মচারী তাহার প্রয়োজনের ভিত্তিতে নৈমিত্তিক ও পীড়া ছুটি ভোগ করতে পারবেন। এক্ষেত্রে কারখানার নতুন নিয়োগকৃত শ্রমিকদের ক্ষেত্রে হাড়াহাড়ি ভাবে ছুটির দিন গণনা করা হবে।

৩। বাৎসরিক ছুটি (**Annual Leave**) : প্রতিটি প্রাপ্ত বয়স্ক কর্মচারী প্রত্যেক বৎসরে প্রতি ১৮ (আঠার) দিন কাজের জন্য ১ দিন করে পূর্ণ মজুরী সহ বাৎসরিক ছুটি ভোগ করতে পারবে।

তবে শর্ত হচ্ছে যে, কর্মচারীর অবশ্যই চাকুরীর বয়স ১ (এক) বছর হতে হবে, অন্যথায় তিনি এই ছুটি ভোগ করার অধিকার হবেন না। এই ছুটি জমা রাখা যাবে এবং পরবর্তী বছর ভোগ করা যাবে। তবে জমাকৃত ছুটির পরিমাণ কোনভাবেই ৪০ (চল্লিশ) দিনের বেশী হবেনা।

৪। উৎসব ছুটি (**Festival Leave**) : প্রতিটি প্রাপ্ত বয়স্ক কর্মচারী প্রত্যেক বৎসরে পূর্ণ মজুরীসহ ১১ দিন উৎসব ছুটি ভোগ করতে পারবে। এই ছুটির দিন বছরের শুরুতেই ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্ধারণ করে দিবেন।

৫। খন্ডকালীন ছুটি (**Short Leave**) : কারও কোন ব্যক্তিগত, পারিবারিক ও জরুরী প্রয়োজনে ছুটির প্রয়োজন হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে কারখানার নির্ধারিত গেট পাশের মাধ্যমে খন্ডকালীন ছুটি নিতে পারবেন।

৬। বিশেষ ছুটি (**Special Leave**) : যদি কারও বিশেষ প্রয়োজনে ছুটির প্রয়োজন হয় (যেমন, কর্মকালীন দুর্ঘটনা বা বিশেষ কোন দুর্ঘটনাজনিত কারনে, দীর্ঘদিন পীড়াজনিত বা পারিবারিক কোন বিশেষ প্রয়োজনে) এবং তার জন্য প্রয়োজ্য নির্ধারিত ছুটির ব্যালেন্স না থাকে সেক্ষেত্রে বিশেষ বিবেচনায় ছুটি ভোগ করতে পারবে এবং কর্তৃপক্ষ তা মঞ্জুর করবেন।

৭। মাতৃকালীন ছুটি (**Maternity Leave**) : শুধুমাত্র মহিলা কর্মচারীগণ এই ছুটির অধিকারী হইবেন। মহিলা কর্মচারীগণ মজুরীসহ ১৬ সপ্তাহের মাতৃকালীন ছুটি ভোগ করতে পারবেন। সেক্ষেত্রে শ্রম আইন অনুযায়ী উক্ত শ্রমিক সন্তানসম্ভবা এই মর্মে মালিককে পূর্বে নোটিশ করতে হবে। এছাড়াও যদি কোন শ্রমিকের ছুটিতে যাওয়ার পূর্বেই বাচ্চা প্রসব হয় এবং মালিককে সন্তান প্রসব হয়েছে এই মর্মে নোটিশ প্রদান করে সেক্ষেত্রে কর্তৃপক্ষ প্রসব পরবর্তী ৫৬ দিন ছুটি মঞ্জুর করবেন। যদি কারো নির্ধারিত সময়ের পরে সন্তান প্রসব করলে পরবর্তী ৫৬ দিন নিশ্চিত করার লক্ষ্যে বাকি দিনগুলিও মাতৃকালীন ছুটির সাথে সমন্বয় করার জন্য কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করবেন।

৮। গর্ভপাতজনিত ছুটি - প্রসূতি কল্যাণ ছটিতে যাইবার নির্ধারিত তারিখের পূর্বে কোন মহিলা শ্রমিকের গর্ভপাত ঘটিলে তিনি স্বাস্থ্যগত কারণে পরবর্তী ৪ (চার) সপ্তাহ ছুটি ভোগ করিতে পারিবেন এবং এইক্ষেত্রে উক্ত ছুটির জন্য মজুরি কর্তন করা যাইবে না বা অন্য কোন ছুটির সহিত সমন্বয় করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, চাকুরীর মেয়াদ অবশ্যই ৬ মাস পূর্ণ হতে হবে এবং দুই সন্তানের অধিক হলে এই সুযোগ ভোগ করতে পারবে না।

বিঃ দ্রঃ (১) বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ধারা ১১৫ ও ১১৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর বিধি ১০৬ অনুযায়ী নৈমিত্তিক ছুটি ও পীড়া ছুটিকালীন সময়ের মধ্যে কোন সাপ্তাহিক বা উৎসব ছুটি পড়িলে উক্ত ছুটির দিনগুলি মূল ছুটির অন্তর্ভুক্ত হইবে। অর্থাৎ সাপ্তাহিক ছুটি শুক্রবার হবার প্রেক্ষিতে যদি কোন ব্যক্তি বৃহস্পতি ও শনিবার ০২ (দুই) দিন ছুটির ভোগ করার প্রয়োজন হয় বা ভোগ করেন তবে উক্ত ছুটি বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর বিধি ১০৬ অনুযায়ী ০২ (দুই) দিনের পরিবর্তে শুক্রবার সহ ০৩ (তিন) অর্থাৎ বৃহস্পতি, শুক্র ও শনিবার ছুটির দিন হিসেবে গণ্য হইবে।

উক্ত নীতিমালা আইরিশ গ্রুপ এর সকল কারখানার জন্য প্রযোজ্য হবে।